

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ মার্চ ২০২২

দক্ষিণ হালিশহর ওয়ার্ডে মাইটাইল্ল্যাখাল খাল পরিদর্শনে মেয়র  
**জলাবদ্ধতা নিরসনে মেগাপ্রকল্পের বাইরে**  
**খালগুলো উদ্ধার ও খননের ব্যবস্থা নিতে হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর জলাবদ্ধতা নিরসনে যে মেগা প্রকল্প গ্রহণ করা হয়েছে তার বাইরে যে ২১টি খাল আছে তা খনন ও পরিষ্কার করা না গেলে জলাবদ্ধতা থেকে মুক্তি পাওয়া সম্ভব হবে না। তিনি ২১টি খালের প্রকৃত অবস্থা চিহ্নিত করে যে খালগুলো অবৈধ দখলদারের কাছে আছে তা উদ্ধার সহ ভরাট খালগুলো পুনঃখননের ব্যবস্থা গ্রহণের ব্যাপারে উদ্যোগ নেয়া প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন। মেয়র খাল-নালায় যারা ময়লা আবর্জনা ফেলে তাদের বিরুদ্ধে নগরবাসীকে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। আজ বুধবার বিকেলে নগরীর ৩৯নং দক্ষিণ হালিশহর ওয়ার্ডের পোর্ট সিটি ক্লাব সংলগ্ন মাইটাইল্ল্যাখাল পরিদর্শনকালে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, কাউন্সিলর জিয়াউল হক সুমন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম প্রমুখ।

মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম নগরীকে ‘ওয়ান সিটি টু টাউন’ ধারণা রেখে অনেকগুলো মেগা প্রকল্প বাস্তবায়ন করছেন, যা চট্টগ্রামবাসীর আকাঙ্ক্ষার প্রতিফলন। এসব মেগা প্রকল্পগুলো বাস্তবায়ন হলে চট্টগ্রাম হয়ে উঠবে দক্ষিণ পূর্ব এশিয়ার অর্থনৈতিক হাব। নগরবাসীদের সহযোগিতা ছাড়া এই সকল প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে না। মনে রাখতে হবে এই নগর আমার, আপনার সকলের। তাই মেয়র, কাউন্সিলরদের উপর একক দায়িত্ব না চাপিয়ে সকলকে এই নগরী পরিচ্ছন্ন রাখার দায়িত্ব নিতে হবে।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

**রাস্তা ও ফুটপাতে দোকানের মালামাল রেখে**

**চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করায়**

**২৫ ব্যক্তিকে ৭৬ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন'র নেতৃত্বে নগরীর সদরঘাট থানাধীন সদরঘাট ও ফিরিঙ্গীবাজার রোডে রাস্তা ও ফুটপাতে অবৈধভাবে দোকানের মালামাল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ২৫ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজুপূর্বক ৭৬হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩